গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
প্রশাসন শাখা

**বিষয়: জুলাই জাতীয় সনদ ২০২৫-এ লিপিবদ্ধ সংবিধান সংস্কার সম্পর্কিত প্রস্তাবসমূহের উপর গণভোট বিষয়ক সরকারি যোগাযোগে গণভোটের লোগো প্রদর্শন প্রসঙ্গে।**

সূত্র: : মন্ত্রিপরিষদ বিভাগের স্মারক নং-০৪৫.০০.০০০০.০০০.৪১৬.৫৩.০০০১.২৫.১৭, তারিখ: ০৭-০১-২০২৬ খ্রি.

উপর্যুক্ত বিষয়ে সূত্রোক্ত পত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, আগামী ১২ ফেব্রুয়ারি ২০২৬ তারিখে অনুষ্ঠিতব্য ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনের দিন এবং একই সাথে জুলাই জাতীয় সনদ ২০২৫-এ লিপিবদ্ধ সংবিধান সংস্কার সম্পর্কিত প্রস্তাবসমূহের উপর গণভোট অনুষ্ঠিত হবে। গুরুত্বপূর্ণ এই গণভোটের বিষয়ে ভোটারদের ব্যাপক জনসচেতনতা তৈরি করা প্রয়োজন। উক্ত সকল সরকারি যোগাযোগে (পত্র, আদেশ, প্রজ্ঞাপন, পরিপত্র ইত্যাদি) নির্বাচনের পূর্ব পর্যন্ত গণভোটের লোগো (কপি সংযুক্ত) ব্যবহারের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো

সংযুক্তি: ০৩ (তিন) পাতা।

(মোহাম্মদ মাসুম)
সিনিয়র সহকারী সচিব
ফোনঃ ৯৫১৪০৭৩
ইমেইল: sasadmin@mole.gov.bd

**বিতরণ:**

১. অতিরিক্ত সচিব, অনুবিভাগ (সকল), শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়, ঢাকা
২. যুগ্মসচিব, অধিশাখা (সকল), শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়, ঢাকা
৩. উপসচিব/ সিনিয়র সহকারী সচিব/ সহকারী সচিব (সকল শাখা কর্মকর্তা), শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়, ঢাকা

ইউ.ও.নোট নং-৪০.০০.০০০০.০১১.৯৯.০০১.২৫-২৪ তারিখ: ১৩ জানুয়ারি ২০২৬

**অনুলিপি:**

১. সচিবের একান্ত সচিব, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
২. সিস্টেম এনালিস্ট, আইসিটি সেল, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় (**ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)**
৩. অতিরিক্ত সচিব (প্রশাসন) এর ব্যক্তিগত কর্মকর্তা, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়, ঢাকা
৪. যুগ্মসচিব (প্রশাসন) এর ব্যক্তিগত কর্মকর্তা, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়, ঢাকা
৫. অফিস কপি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

# প্রধান উপদেষ্টার কার্যালয়

পুরাতন সংসদ ভবন, ঢাকা।

পত্র সংখ্যা ০৩.০০.০০০০.০০০.০৩৯.১৬.০০০৩.২৫-১০২ তারিখ ২৩ পৌষ, ১৪৩২ / ০৭ জানুয়ারি, ২০২৬

বিষয়ঃ 'গণভোট ২০২৬' বিষয়ে জনসচেতনতা সৃষ্টির লক্ষ্যে সমন্বয় সভার কার্যবিবরণী প্রেরণ।

মাননীয় প্রধান উপদেষ্টার বিশেষ সহকারী (উপদেষ্টা পদমর্যাদা) এবং গণভোট সংক্রান্ত জনসচেতনতামূলক প্রচার কার্যক্রমের মুখ্য সমন্বয়ক অধ্যাপক আলী রীয়াজ মহোদয়-এর সভাপতিত্বে গত ০৪ জানুয়ারি ২০২৬ তারিখ অনুষ্ঠিত আসন্ন গণভোট উপলক্ষ্যে জনসচেতনতা সৃষ্টির বিষয়ে অনুষ্ঠিত সভার অনুমোদিত কার্যবিবরণী সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে এসঙ্গে প্রেরণ করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে।

০৭.০১.২৬

মোঃ সারওয়ার মোর্শেদ
উপসচিব
প্রধান উপদেষ্টার কার্যালয়ে সংযুক্ত
ফোন- ৫৫০২৯৫৩০

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। প্রধান উপদেষ্টার মুখ্য সচিব, প্রধান উপদেষ্টার কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
৩। সিনিয়র সচিব/সচিব (সকল)
৪। বিভাগীয় কমিশনার (সকল)
৫। জেলা প্রশাসক (সকল)

অনুলিপিঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। মহাপরিচালক (প্রশাসন), প্রধান উপদেষ্টার কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
২। প্রধান উপদেষ্টার বিশেষ সহকারীর একান্ত সচিব, প্রধান উপদেষ্টার কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
৩। প্রধান উপদেষ্টার বিশেষ সহকারীর (ঐকমত্য) একান্ত সচিব, প্রধান উপদেষ্টার কার্যালয়, ঢাকা।

সচিবের দপ্তর
শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
ডায়েরি নং ৬৬ তারিখ ১১/০১/২৬
অতিঃ সচিব (প্রশাসন)
অতিঃ সচিব (আন্তঃ সম্পর্ক)
অতিঃ সচিব (শ্রম)
অতিঃ সচিব (উন্নয়ন)
মহাপরিচালক (BLWF/CF)
একান্ত সচিব
অন্যান্য... ... ...
সচিব

অতিরিক্ত সচিব (প্রশাসন) অনুবিভাগ
ডাইরি নং ৪৭ তারিখ ১১/০১/২৬
১। যুগ্মসচিব (প্রশাসন)
২। যুগ্মসচিব (বাজেট)
৩। যুগ্মসচিব (সংস্থাপন)
৪। যুগ্মসচিব (সমন্বয় ও আদালত)
৫। উপসচিব (বাজেট/প্রশিক্ষণ)
৬। সিঃসঃসঃ/সহকারী সচিব (প্রশাসন/ শাখা-৪)
৭। সিস্টেম এনালিস্ট (আইসিটি সেল)
৮। লাইব্রেরি শাখা
৯। ব্যক্তিগত কর্মকর্তা
অতিরিক্ত সচিব (প্রঃ)

যুগ্মসচিব (প্রশাসন) এর দপ্তর
শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
ডায়েরী নং ৫২ তারিখ ২৫/০১/২৬
সিঃ সহঃ সচিব (প্রশাসন)
সিঃ সহঃ সচিব/সহঃ সচিব (সেবা)
সিঃ সহঃ সচিব/সহঃ সচিব (শাখা-৮)
সিঃ সহঃ সচিব /সহঃ সচিব (শাখা-২)
হিসাবরক্ষণ কর্মকর্তা
উপস্থাপন করুন/আলোচনা করুন
লাইব্রেরিয়ান
ব্যক্তিগত কর্মকর্তা
যুগ্মসচিব

SAS (A)

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**প্রধান উপদেষ্টার কার্যালয়**
**পুরাতন সংসদ ভবন, ঢাকা**

**বিষয়** : **'গণভোট ২০২৬' বিষয়ে জনসচেতনতা সৃষ্টির লক্ষ্যে মন্ত্রণালয়/ বিভাগের সচিব পর্যায়ের সমন্বয় সভার কার্যবিবরণী**

**সভাপতি** : **অধ্যাপক আলী রীয়াজ**
প্রধান উপদেষ্টার বিশেষ সহকারী (উপদেষ্টা পদমর্যাদা) এবং
গণভোট সংক্রান্ত জনসচেতনতামূলক প্রচার কার্যক্রমের মুখ্য সমন্বয়ক,
প্রধান উপদেষ্টার কার্যালয়

**তারিখ** : ০৪ জানুয়ারি ২০২৬, সময়ঃ দুপুর ৩.০০ ঘটিকা

**স্থান** : সভাকক্ষ (২য় তলা), প্রধান উপদেষ্টার কার্যালয়, ঢাকা।

সভায় উপস্থিত অংশগ্রহণকারীর তালিকা (সংযুক্তি-১)

সভাপতি সভার শুরুতে উপস্থিত সবাইকে নববর্ষের শুভেচ্ছা জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। আগামী ১২ ফেব্রুয়ারি ২০২৬ তারিখে অনুষ্ঠিতব্য গণভোটের সচেতনতামূলক প্রচারণা কার্যক্রম শুরু করার জন্য বিভিন্ন মন্ত্রণালয়ের সিনিয়র সচিব এবং সচিববৃন্দকে আন্তরিক ধন্যবাদ জানান। এই কার্যক্রমের মূল লক্ষ্য হচ্ছে, **"ভোটাররা যেন জুলাই জাতীয় সনদে লিপিবদ্ধ সংবিধান সংস্কার সম্পর্কিত প্রস্তাবসমূহ জেনে বুঝে সঠিক সিদ্ধান্ত (Informed Decision) নিতে পারেন এবং ভোট গ্রহণের দিন তাদের সুচিন্তিত ভোটাধিকার প্রয়োগ করতে পারেন"।**

এ পর্যায়ে সিনিয়র সচিব এবং সচিববৃন্দ তাদের মন্ত্রণালয়, বিভাগ ও দপ্তরের এ যাবৎ গৃহীত কার্যক্রম সভাকে অবহিত করেন এবং উপস্থিত সবাই এ বিষয়ে বিস্তারিত আলোচনা করেন। তারা জানান যে জনগণের কাছে পৌঁছে দিতে কর্মকর্তা-কর্মচারীদের চলমান প্রশিক্ষণ এবং মন্ত্রণালয়গুলোর চলমান কার্যক্রমের মাধ্যমে সংশ্লিষ্ট জনগণকে সচেতন করতে উপজেলা এবং জেলা পর্যায়ের কর্মকর্তা এবং সিটি কর্পোরেশন, পৌরসভা এবং ইউনিয়ন পর্যায়ে নির্দেশনা দেওয়া হয়েছে। সভাপতি জনগণের কাছে গণভোটের বিষয়বস্তু পরিষ্কারভাবে পৌঁছে দিতে সমন্বিত উদ্যোগের উপর জোর দিয়ে স্থানীয় পর্যায়ে (জেলা এবং উপজেলা) সমন্বয় করতে অনুরোধ করেন। এছাড়াও, প্রচার কার্যক্রম নির্বাচন কমিশন কর্তৃক নির্ধারিত সময় পর্যন্ত নিরবিচ্ছিন্নভাবে চালাতে এবং সকল ওয়ার্ডে গণভোট বিষয়ক যথাসম্ভব সর্বোচ্চ প্রচারণা চালাতে অনুরোধ জানান।

বিস্তারিত আলোচনান্তে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হলঃ

| গৃহিতব্য কার্যক্রম | | সংশ্লিষ্ট মন্ত্রণালয়/ দপ্তর |
|---|---|---|
| মন্ত্রণালয় এবং দপ্তর | ১. প্রতিটি সরকারি, আধা-সরকারি, স্বায়ত্তশাসিত দপ্তরে (সচিবালয়, প্রধান কার্যালয়, বিভাগীয়, জেলা, উপজেলা এবং ইউনিয়ন পর্যায়ের) আবশ্যিকভাবে গণভোট বিষয়ক ন্যূনতম ২ টি ব্যানার (প্রয়োজনে আরও বেশি সংখ্যক) প্রদর্শনের এবং সরকারি যোগাযোগে গণভোটের লোগো প্রদর্শনের নির্দেশনা প্রদান (সংযুক্তি-২: ব্যানার-১ এবং লিফলেট, ব্যানার-২, গণভোটের লোগো)। | মন্ত্রিপরিষদ বিভাগ |
| | ২. স্ব স্ব মন্ত্রণালয় এবং দপ্তরের প্রধান কার্যালয়ে সকল কর্মকর্তা এবং কর্মচারীদের গণভোট বিষয়ক প্রশিক্ষণ আগামী ১৫ জানুয়ারি ২০২৬ তারিখের মধ্যে সম্পন্ন করতে হবে। এ প্রশিক্ষণে বিভাগীয়, জেলা, উপজেলা পর্যায়ের কর্মকর্তাদের অনলাইনে যুক্ত করে প্রশিক্ষণ প্রদান করতে হবে।<br>৩. জেলা এবং উপজেলা পর্যায়ের স্ব স্ব মন্ত্রণালয়ের কর্মকর্তাদের জেলা প্রশাসক এবং উপজেলা নির্বাহী অফিসারদের সাথে সমন্বিতভাবে প্রচার কার্য চালাতে নির্দেশনা প্রদান।<br>৪. সকল দপ্তর প্রধানদের (প্রধান কার্যালয়, বিভাগীয়, জেলা, উপজেলা এবং মাঠ পর্যায়ের) সরকারি ফেসবুক একাউন্টে গণভোট বিষয়ক প্রচারণা চালাতে হবে। এছাড়া মাঠ পর্যায়ের কর্মকর্তা ওয়ার্ডভিত্তিক জনগণের মধ্যে প্রচারণার ছবি সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসার/ পৌরসভা প্রশাসক/ জেলা প্রশাসক/ সংশ্লিষ্ট দপ্তরের জেলা পর্যায়ের কর্মকর্তা, মেয়র বা প্রশাসক, সিটি কর্পোরেশন-দের ট্যাগ করে তাদের ফেসবুক একাউন্টে প্রচার করবেন।<br>৫. পর্যটন স্থল এবং পর্যটন স্থলের হোটেল এবং রেস্টুরেন্টসমূহে, বাসস্ট্যান্ড, ফেরি/ লঞ্চ ঘাট, ট্রেন স্টেশন, এয়ারপোর্ট প্রভৃতি জনবহুল | সংশ্লিষ্ট সকল মন্ত্রণালয়/ বিভাগ/ দপ্তর |

| | | |
|---|---|---|
| | স্থানে ব্যানার বা পোস্টার লাগাতে হবে। একইসাথে বাস, ট্রেন, লঞ্চ/ ফেরিতে লিফলেট প্রদর্শন করতে হবে। | |
| | ৬. জেলা এবং উপজেলা পর্যায়ের সকল শিক্ষা প্রতিষ্ঠানে গণভোট বিষয়ক ব্যানার অবিলম্বে প্রদর্শনের নির্দেশনা প্রদান করতে হবে।<br>৭. বিভিন্ন পর্যায়ের শিক্ষকদের প্রশিক্ষণ দিতে হবে যেন তারা সমাজে গণভোট বিষয়ে সচেতনতা তৈরিতে ভূমিকা রাখতে পারেন।<br>৮. বিশেষ করে বিশ্ববিদ্যালয়ের শিক্ষক এবং ছাত্র-ছাত্রীদের জন্য আলাদা কর্মসূচী গ্রহণ করতে হবে। বিশ্ববিদ্যালয়ের ছাত্র-ছাত্রীবৃন্দ তাদের স্ব স্ব এলাকায় এবং সামাজিক যোগাযোগ মাধ্যমে বিশেষ ভূমিকা রাখতে পারবে। | **প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ এবং কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ** |
| | ৯. সিটি কর্পোরেশন এবং পৌরসভার প্রতিটি ওয়ার্ডে প্রচারণা চালাতে হবে। জনবহুলস্থানে ডিজিটাল বিল বোর্ড, ব্যানার, ফেস্টুন বসাতে হবে এবং মাইকিং করতে হবে। এছাড়াও সোশ্যাল মিডিয়ার সহায়তায় প্রচারণা চালাতে হবে।<br>১০. গ্রাম পুলিশদের গণভোট সম্পর্কে সচেতন করতে হবে যেন তারা গ্রাম পর্যায়ে এই প্রচারণায় সামিল হতে পারে।<br>১১. গণভোট প্রচার কার্যক্রম গতিশীল করতে সিটি কর্পোরেশন, জেলা পরিষদ, পৌরসভা উপজেলা পরিষদের রাজস্ব বাজেট থেকে প্রয়োজনীয় ব্যয় করার অনুমোদন প্রদান। | **স্থানীয় সরকার বিভাগ** |
| | ১২. জেলা এবং উপজেলা পর্যায়ে জেলা প্রশাসক এবং উপজেলা নির্বাহী অফিসারের সাথে সমন্বয় করে এনজিওদের মাধ্যমে প্রচারণা চালাতে হবে।<br>১৩. এনজিওদের সমন্বয় করে দায়িত্ব দিতে হবে যেন একই স্থানে একাধিক বার প্রচারণা না হয়। যেসবস্থানে সরকারি কোন প্রকল্প বা প্রোগ্রামের মাধ্যমে পৌছানো যাচ্ছে না সেখানে এনজিওদের কিভাবে ব্যবহার করা যায় সেটা পরিকল্পনার মাধ্যমে ঠিক করতে হবে। | **এনজিও বিষয়ক ব্যুরো** |

| | | |
|---|---|---|
| | ১৪. বিভিন্ন ধর্মীয় নেতৃবৃন্দ (ইমাম, পুরোহিত, পাদ্রি, বৌদ্ধ ভিক্ষু প্রভৃতি)-কে সুচারুরূপে কাজে লাগাতে হবে যেন তারা মসজিদ, মন্দির, গির্জা, প্যাগোডা বা অন্যান্য ধর্মীয় স্থানকে ব্যবহার করে ব্যাপক প্রচারণা চালাতে পারে। | ধর্ম বিষয়ক মন্ত্রণালয় |
| | ১৫. গণভোট বিষয়ক ওয়েবসাইট এবং সোশ্যাল মিডিয়ায় বহুল প্রচারের জন্য একটি টিম গঠন করতে হবে। স্থানীয় পর্যায়ে অপতথ্য প্রতিরোধে জেলা এবং উপজেলা পর্যায়ের প্রোগ্রামার এবং সহকারী প্রোগ্রামারদের দায়িত্ব প্রদান। | তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ |
| | ১৬. প্রচার কার্যক্রমের সুবিধার্থে দ্রুত ৩০ টি ভিডিও কনটেন্ট তৈরি করতে হবে। এখন পর্যন্ত ৭টি তৈরি করা হয়েছে। বিশেষ করে কিভাবে গণভোট প্রদান করতে হবে তা প্রচার করতে হবে।<br>১৭. 'ভোটের গাড়ি' তে সকল জেলায় এবং সর্বোচ্চ সংখ্যক উপজেলায় সচেতনতামূলক ভিডিও প্রদর্শন করতে হবে। | সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় |
| | ১৮. সকল সরকারি-বেসরকারি ব্যাংক এবং ব্যাংক বর্হিভূত আর্থিক প্রতিষ্ঠানে ব্যানার প্রদর্শন করতে হবে। | আর্থিক প্রতিষ্ঠান বিভাগ এবং বাংলাদেশ ব্যাংক |
| | ১৯. বিদেশে অবস্থানরত বাংলাদেশি ভোটারদের গণভোট সম্পর্কে সচেতনতায় প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | পররাষ্ট্র মন্ত্রণালয় |
| বিভাগীয় পর্যায় | ১. বিভাগীয় পর্যায়ে বিভাগীয়, জেলা এবং উপজেলা পর্যায়ের কর্মকর্তা এবং বিভিন্ন স্টেকহোল্ডারদের নিয়ে জনসচেতনতামূলক সভা আয়োজন করতে হবে।<br>২. নির্বাচন কমিশন কর্তৃক নির্ধারিত নির্বাচনী প্রচারণার সুনির্দিষ্ট সময় পর্যন্ত উপজেলা/ওয়ার্ডে প্রচারণা চালাতে বিভাগীয় কমিশনার বিভাগীয় সকল কর্মকর্তা, জেলা প্রশাসকবৃন্দ এবং মেয়র/ প্রশাসক, সিটি কর্পোরেশন-দের নিয়ে সমন্বিত পরিকল্পনা গ্রহণ করবেন।<br>৩. জেলা পর্যায়ের অগ্রগতি প্রতিনিয়ত মনিটরিং করতে হবে। | ক. বিভাগীয় কমিশনার<br>খ. মেয়র/ প্রশাসক, সিটি কর্পোরেশন |

| | | |
|---|---|---|
| | ৪. নির্দেশনা অনুযায়ী প্রতিবেদন প্রেরণ করতে হবে (সংযুক্তি-৩: রিপোর্টিং)। | |
| জেলা পর্যায় | ১. নির্বাচন কমিশন কর্তৃক নির্ধারিত নির্বাচনী প্রচারণার সুনির্দিষ্ট সময় পর্যন্ত উপজেলা/ওয়ার্ডে প্রচারণা চালাতে জেলা প্রশাসক তার জেলার সকল কর্মকর্তা, পৌরসভা প্রশাসক এবং উপজেলা নির্বাহী অফিসারদের নিয়ে সমন্বিত পরিকল্পনা গ্রহণ করবেন।<br>২. জেলা প্রশাসক এই প্রচারণা কার্যক্রমকে গতিশীল করতে জেলা পর্যায়ের অন্যান্য দপ্তরের কর্মকর্তাদের দায়িত্ব দিতে পারেন।<br>৩. জেলা এবং উপজেলা পর্যায়ের সকল শিক্ষা প্রতিষ্ঠান, ব্যাংক, বাস স্ট্যান্ড, ট্রেন স্টেশন, ফেরি ঘাট, পর্যটন স্থল, হোটেল, রেস্টুরেন্ট প্রভৃতি জনবহুল স্থানে গণভোট বিষয়ক ব্যানার টাংগানো নিশ্চিত করতে হবে।<br>৪. সমাজের বিভিন্ন স্টেকহোল্ডার যেমনঃ বীর মুক্তিযোদ্ধা, শিক্ষক, সাংবাদিক, গণ্যমান্য ব্যক্তিবর্গ, এনজিও, ধর্মীয় নেতৃবৃন্দ প্রভৃতিদের নিয়ে সচেতনতামূলক সভা করতে হবে।<br>৫. ক্যাবল টিভি চ্যানেলের নিচের স্ক্রলে প্রচারণা চালাতে হবে। | **জেলা প্রশাসক এবং জেলা তথ্য অফিসার** |
| উপজেলা পর্যায় | ১. ইউনিয়ন/ ওয়ার্ডভিত্তিক ট্যাগ অফিসারদের সাথে পৌরসভা/ উপজেলার অন্যান্য অফিসার বা কর্মচারীদের দায়িত্ব প্রদান করতে হবে।<br>২. বিভিন্ন ত্রাণ, ভাতা বা অন্যান্য সামাজিক কর্মসূচীর সুবিধাভোগী এবং সেবাগ্রহীতাদের (ত্রাণ, সমাজসেবা, মহিলা বিষয়ক, সমবায়, যুব, এনজিও, স্বাস্থ্য, কৃষি, মৎস্য, প্রাণীসম্পদ, খাদ্য, পল্লী উন্নয়ন, পল্লী সঞ্চয় ব্যাংক, আনসার ও ভিডিপি প্রভৃতি) নিয়ে গ্রাম/ ওয়ার্ড/ ইউনিয়ন ভিত্তিক সচেতনতা কার্যক্রম গ্রহণ করতে হবে।<br>৩. উপজেলার সকল প্রাথমিক এবং মাধ্যমিক শিক্ষকদের এ বিষয়ে সচেতন করতে হবে। সম্ভব হলে স্কাউট এবং গার্লস গাইডদের ব্যবহার করতে হবে। | **পৌরসভা প্রশাসক এবং উপজেলা নির্বাহী অফিসার** |

| | | |
|---|---|---|
| | ৪. ধর্মীয় নেতৃবৃন্দদের (ইমাম, পুরোহিত, পাদ্রি, বৌদ্ধ ভিক্ষু প্রভৃতি) প্রচারণায় সম্পৃক্ত করতে হবে।<br>৫. ক্যাবল টিভি চ্যানেলের নিচের স্ক্রলে প্রচারণা চালাতে হবে।<br>৬. সরকারি দপ্তরের বিভিন্ন কর্মসূচির মাধ্যমে অনুষ্ঠিত উঠান বৈঠক, সভা-সমাবেশ ব্যবহার করে নারী এবং প্রান্তিক জনগোষ্ঠীর কাছে পৌছাতে হবে।<br>৭. গ্রাম পুলিশদের গণভোট সম্পর্কে সচেতন করতে হবে যেন তারা গ্রাম পর্যায়ে এই প্রচারণায় সামিল হতে পারে।<br>৮. এনজিওদের প্রচারণা কার্যক্রম সমন্বয় করতে হবে। প্রাথমিক প্রচারণায় সরকারি কর্মকর্তাদের উপস্থিত রাখার চেষ্টা করতে হবে যেন তারা পরবর্তী প্রচারণাগুলোর জন্য একটি মান (Standard) ঠিক করে দিতে পারে। | |

সভায় আর কোন আলোচনা না থাকায় এবং উপস্থিত সকল সদস্যকে গুরুত্বপূর্ণ মতামত প্রদানের জন্য সভাপতি সবাইকে আন্তরিক ধন্যবাদ জানিয়ে সভা মুলতুবি করেন।

Ali Riaz

অধ্যাপক আলী রীয়াজ
প্রধান উপদেষ্টার বিশেষ সহকারী (উপদেষ্টা পদমর্যাদা)
এবং গণভোট সংক্রান্ত জনসচেতনতামূলক প্রচার
কার্যক্রমের মুখ্য সমন্বয়ক

**Subject** Referendum Awareness Meeting Resolution 04 January 2026

**From** gonovote coord <gonovote.coord@cao.gov.bd>

**To**
cab_secy <cab_secy@cabinet.gov.bd>, M Siraz Uddin Miah <psecy@cao.gov.bd>, secretary <secretary@moha.gov.bd>, secretary <secretary@mofl.gov.bd>, alldc <alldc@mopa.gov.bd>, alluno <alluno@mopa.gov.bd>, secretary <secretary@rthd.gov.bd>, secretary <secretary@mopa.gov.bd>, secretary <secretary@moedu.gov.bd>, secretary <secretary@mowca.gov.bd>, secretary <secretary@minland.gov.bd>, secretary <secretary@mos.gov.bd>, indsecy <indsecy@moind.gov.bd>, secretary <secretary@most.gov.bd>, secretary <secretary@ecs.gov.bd>, secretary <secretary@motj.gov.bd>, secy <secy@sid.gov.bd>, secretary <secretary@modmr.gov.bd>, chairman <chairman@lab.gov.bd>, secretary <secretary@moef.gov.bd>, secretary <secretary@moa.gov.bd>, ec <ec@nsda.gov.bd>, scy <scy@mopme.gov.bd>, secretary <secretary@ptd.gov.bd>, secretary <secretary@mowr.gov.bd>, secretary <secretary@mod.gov.bd>, secretary <secretary@imed.gov.bd>, secretary <secretary@mochta.gov.bd>, secretary <secretary@finance.gov.bd>, secy_cnr <secy_cnr@cabinet.gov.bd>, dg <dg@napd.gov.bd>, secretary <secretary@fid.gov.bd>, secretary <secretary@molwa.gov.bd>, secretary <secretary@erd.gov.bd>, rector <rector@nada.gov.bd>, rector <rector@bcsadminacademy.gov.bd>, secretary <secretary@probashi.gov.bd>, secy <secy@mincom.gov.bd>, secretary <secretary@ird.gov.bd>, rector <rector@bpatc.gov.bd>, secretary <secretary@mole.gov.bd>, secretary <secretary@mefwd.gov.bd>, fs <fs@mofa.gov.bd>, secretary <secretary@ictd.gov.bd>, secretary <secretary@parliament.gov.bd>, secretary <secretary@mocat.gov.bd>, secretary <secretary@cao.gov.bd>, secretary <secretary@hsd.gov.bd>, secretary <secretary@mohpw.gov.bd>, secretary <secretary@moysports.gov.bd>, secy <secy@pd.gov.bd>, secretary <secretary@mor.gov.bd>, secretary <secretary@emrd.gov.bd>, secretary <secretary@moi.gov.bd>, secretary <secretary@mora.gov.bd>, sec <sec@msw.gov.bd>, secretary <secretary@legislativediv.gov.bd>, secretary <secretary@lawjusticediv.gov.bd>, chairman <chairman@lrb.gov.bd>, secretary <secretary@tmed.gov.bd>, governor <governor@bb.org.bd>, divcomdhaka <divcomdhaka@mopa.gov.bd>, divcomsylhet <divcomsylhet@mopa.gov.bd>, divcommymensingh <divcommymensingh@mopa.gov.bd>, divcomrajshahi <divcomrajshahi@mopa.gov.bd>, divcombarisal <divcombarisal@mopa.gov.bd>, divcomchittagong <divcomchittagong@mopa.gov.bd>, divcomrangpur <divcomrangpur@mopa.gov.bd>, divcomkhulna <divcomkhulna@mopa.gov.bd>, alif.01396 <alif.01396@gmail.com>, numbmsm <numbmsm@gmail.com>

**Date** Wednesday January 7, 2026 6:24:10 PM

Respected Sirs,

Assalamu alaikum. Hope you are fine.

Please find the attached resolution and attached banners, leaflets and reporting format with repoting sample for your kind perusal.

You are humbly requested to take necessary actions on the requested activities.

Thank you so much.

Sincerely,
Md. Sarwar Morshed
Deputy Secretary
Attached to Chief Adviser's Office
Government of the People's Republic of Bangladesh
Mobile: +8801911102623

**Attachments**
banner 1 and leaflet.pdf (681 kB)
banner 2.png (69.2 kB)
gonovote logo.jpeg (91.3 kB)
gonovote report format.xlsx (17.9 kB)
20260104 gonovote meeting resolution.pdf (9.61 MB)